R. N. No. 2532/57    Phone No. RGG.112    Regd No.—WB/MSD—4

ফ্রান্স-এর সহযোগিতায় তৈরী
সারদা বাইরন-এর
হোমিও ঔষধ পাওয়া যায়
কেয়ার এণ্ড কিওর হোমিও
সেণ্টার
গাড়ীঘাট
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৪৪শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২২শে চৈত্র বুধবার, ১৩৯৫ সাল।
৫ই এপ্রিল, ১৯৮৯ সাল।
নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্

## ব্যারেজের কাজ শেষ পর্য্যায়ে--কর্ম্মীদের ভবিষ্যৎ কি ?

বিশেষ প্রতিবেদক : ফরাক্কা ব্যারেজের কাজ শেষ পর্যায়ে চলছে এবং তার ফলে বহু পদের অবলুপ্তি ঘটান হয়েছে বলে জানা যায়। মোট ৩০০০ পদের মধ্যে ১৮৯টি পদের অবলুপ্তির আদেশ দেওয়া হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের আইনানুযায়ী অপর পদগুলিরও অবস্থা পর্য্যবেক্ষণ করা হচ্ছে। ফলশ্রুতি হবে ১০% পদের অবলুপ্তি। এইসব দেখেশুনে কর্মীরা বিভ্রান্ত। তাঁদের ভবিষ্যৎ কী এই চিন্তায় তাঁরা অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন। অন্যদিকে শ্রমিক ইউনিয়নগুলিও বহুধাবিভক্ত। এক কংগ্রেস (ই) পরিচালিত ইউনিয়নের মধ্যেই ৪/৫টি সংস্থা রয়েছে দেখা যায়। কমলেশ কুণ্ডুর পরিচালনায় আই এন টি ইউ সি, বিমল ভুঁইয়া ও জ্যোতির্ময় দেব ন্যাশান্যাল ইউনিয়ন অফ ফরাক্কা ব্যারেজ এমপ্লয়িজ, সুখময় বোসের এন এল সি সি এবং মনিশঙ্কর সিন্‌হার লেবার এণ্ড ওয়ার্কর্স ইউনিয়ন। বামপন্থী সংগঠনের মধ্যে আর এস পি পরিচালিত লালগোপাল চৌধুরীর ইউ টি ইউ সি, প্রশান্ত চক্রবর্ত্তীর মাষ্টার রোল ওয়ার্কাস ইউনিয়ন, নীতেন দাসের ও ভারশীয়ারস্ (শেষ পৃষ্ঠায়)

## স্বাধিকার রক্ষা সমিতির ডাকে বিক্ষোভ সমাবেশ

ধুলিয়ান : গত ৩ এপ্রিল সমসেরগঞ্জ-ফরাক্কা গণ অধিকার রক্ষা কমিটির ডাকে ৬ দফা দাবীর ভিত্তিতে মালঞ্চায় তারাপুর কোম্পানীর গেটে এক গণডেপুটেশন ও বিক্ষোভ সমাবেশ হয়। দাবীগুলি ১) তারাপুর কোম্পানীতে কর্মী নিয়োগের ব্যাপারে গত ২৬-৪-৮৮ তারিখের গৃহীত সিদ্ধান্ত কার্য্যকরী করতে হবে। ২) প্রশাসনকে নিরপেক্ষ ভূমিকা পালন করতে হবে। ৩) এন টি পি সির সমস্ত প্রকার কাজের ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত পরিবারদের অগ্রাধিকার দিতে হবে। ৪) ফরাক্কা-সমসেরগঞ্জ এলাকাকে গঙ্গা ভাঙ্গনের হাত থেকে রক্ষা করতে অতিসত্বর বাঁধের ব্যবস্থা করতে হবে। ৫) গঙ্গা ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত পরিবারদের ক্ষতিপূরণসহ পুনর্বাসন এবং বাঁধ নির্মাণের ব্যাপারে সমস্ত দুর্নীতি বন্ধ করতে সিডিউল প্রকাশ করে কাজ করতে হবে। ৬) ধুলিয়ান পৌরসভার সমস্ত রকম দুর্নীতি ও স্বজন পোষণ নীতি বন্ধ করতে (শেষ পৃষ্ঠায়)

## কাটরা মসজিদে নামাজ চালুর দাবীতে পথ অবরোধ

জঙ্গিপুর : গত ১ এপ্রিল সারা ভারত মুসলিম লীগের ডাকে সামান্য সাড়া জাগলেও তার ঢেউ জঙ্গিপুর মহকুমায় আঘাত করে। লীগের দাবী বিতর্কিত কাটরা মসজিদে নামাজ পড়ার অধিকার দিতে হবে। ঐ দাবীর সমর্থনে স্থানীয় সম্মতিনগর এলাকায় বেশ কয়েকদিন ধরে প্রকাশ্যে মাইকে প্রচার চলে এবং ১ এপ্রিল একদল আন্দোলনকারী জঙ্গিপুর লালগোলা রাস্তায় বাস, লরী, ঘোড়ারগাড়ী, রিক্সা প্রভৃতি যান চলাচল সম্পূর্ণ বন্ধ করে দেয়। ঐ একই দাবীর সমর্থনে সামসেরগঞ্জ থানায় ধুলিয়ানে মাদ্রাসার সামনে ৩৪নং জাতীয় সড়ক অবরোধ করা হয়। মাদ্রাসার প্রায় ৩০০ ছাত্র রাস্তায় অবস্থান করে যান (শেষ পৃষ্ঠায়)

## পুরপিতা অসুস্থ তাই ঘাট ডাক হলো না !

রঘুনাথগঞ্জ : শহরের অনেকেই বোধহয় জানেন না জঙ্গিপুর পুর ফেরিঘাট দুটির নীলাম ডাক এ বছর হয়নি। পুরাতন লেসিকে গত বছরের ডাক মূল্যে আরো এক বছরের জন্য ঘাটের অধিকার দেওয়ার আদেশ দিলেন পুরপতি এ ব্যাপারে যোগাযোগ করলে পুরপতি জানান—ঘাট ডাকের ঝামেলা অনেক। গত বছর নীলাম ডাক নিয়ে তিনি বিব্রত হন। এবার তাঁর শরীর ভালো যাচ্ছে না, তাই ঝামেলা এড়াতে গত বছরের সর্ব্বোচ্চ ডাক সাড়ে পাঁচ লাখ টাকাতেই পুরাণো লেসিকে ঘাট ছেড়ে দিলেন। অপর দিকে জেলা পরিষদের গুজিরপুর ফেরিঘাট ডাক হলো ৭২১০০ টাকায়। গত বছর ঐ ডাক ছিল ৩৬০০০ টাকা।

## শহরে ও গ্রামে প্রতি গৃহে নম্বর বসছে

ধুলিয়ান : সমসেরগঞ্জ থানায় প্রায় বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক পরিচালিত ভারত সরকারের ইলেকশন কমিশন বিভাগের ৩০-৭-৮৪ তারিখের ২৩/৮৪ নং মেমোতে লোক ও বাড়ী গণনা ও বাড়ী নাম্বারিং করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের ১১-৯-৮৪ তারিখের ৯৯৫/সি ৪/এম-১-ই ২২/৮৪ (১১৪) নং মেমোয় এই জেলার নির্দেশানুসারে পঞ্চায়েত, নোটিফাইড ও পৌর এলাকার প্রত্যেক বাড়ীতে 'নম্বর প্লেট' বসাবার ব্যবস্থা করা হয়েছে। এই কাজের জন্য কলকাতার ইউনাইটেড কমার্শিয়াল ইণ্ডাষ্ট্রী অফ ইণ্ডিয়া নামে জনৈক সার্ভে ও হাউস নাম্বারিং সংস্থা দায়িত্ব গ্রহণ করেছেন এবং এই উদ্দেশ্যে প্রতি গ্রাম পঞ্চায়েতে কয়েক (শেষ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২২শে চৈত্র বুধবার ১৩৯৫ সাল

## পুর শাসন স্বায়ত্ত—স্বআয়ত্ত

দাদাঠাকুরের ভাষ্য অনুযায়ী পুর স্বায়ত্ত শাসন অর্থে পুরসভার শাসন স্ব আয়ত্ত। শাসনটা যখন স্ব আয়ত্ত তখন যাহাতে নিজের সুবিধা হয় তাহাই করিতে হইবে। নাগরিকরা যদি ভাবেন তাঁহাদের সকল সুবিধাই দেখিবেন নির্বাচিত প্রতিনিধিরা তবে আর নির্বাচিত হইয়া তাঁহাদের লাভ কি? তবে নিজের আয়ত্তে শাসন রাখিতে যদি কিছু কিছু ব্যক্তিকে সুবিধা দিতে হয় তাহাতে আপত্তি নাই। কেন না সেইক্ষেত্রে ঐ সকল ব্যক্তি বশংবদ ভৃত্যের ন্যায় তাঁহাদেরকে বাবু বাবু করিবেন। তাঁহাদের যে কোন অপরাধমূলক কার্য্যকে নিজ পৃষ্ঠ দিয়া আড়াল করিয়া দাঁড়াইবেন। প্রয়োজনে বিরুদ্ধ আন্দোলনকারীদের বাধা দিতে তাহারাই ঐক্যবদ্ধভাবে প্রচারে নামিবেন। এ শহরে স্বার্থপর লোকের অভাই নাই। তাহাদের স্বার্থের সামান্যতম অংশ পূরণ করিয়া দিয়া তাহাদের সহায়তায় পুর প্রতিনিধিগণ আপনাদের স্বার্থ চরিতার্থ করিতে পারিবেন। পাঁচ কি সাত বছর বোর্ডের সভ্য হইয়া থাকিতে পারিলেই জনগণের কাজ করিতেছি দেখাইয়া আপন আখের গুছাইয়া লইবার ব্যবস্থা করিতে পারা যাইবে। আমাদের এই পুরসভায় বর্তমানে যাঁহারা রহিয়াছেন তাঁহারা অত্যন্ত প্রতিপত্তিশালী ও গরিষ্ঠ অংশ রাজ্যের শাসক দলের প্রতিনিধি হওয়ায় জনহিতকর কার্য্যের বাহ্য প্রলেপ টুকুও আর না রাখিয়া নিজ ও নিজ দলের স্বার্থ সিদ্ধির প্রয়োজনে খোলাখেলি যাহা ইচ্ছা তাহাই করিতেছেন। সাধারণের পকেট হইতে আদায়ীকৃত অর্থ নিজ খেয়াল খুশিমত খরচ করিতে কুণ্ঠিত হইতেছেন না। দৈনিক পত্রিকায় বিরাট অঙ্ক ব্যয়ে হেড ক্লার্ক পদের জন্য প্রার্থী আহ্বান করিয়াও নির্লজ্জভাবে পূর্বেকার ব্যবস্থা বজায় রাখিয়া চলিয়াছেন। শহরে শত শত শিক্ষিত বেকার তরুণ উপযুক্ত প্রার্থী থাকা সত্ত্বেও অবসরপ্রাপ্ত জনৈক অথর্ব বৃদ্ধকে উক্ত পদে নিযুক্ত রাখিয়া বন্ধুত্বের পরাকাষ্ঠার নিদর্শন রাখিয়াছেন। তদুপরি কিছু কর্মীপদ খেয়াল খুশিমত সৃষ্টি করিয়া দৈনিক ভাতায় নিজেদের পেয়ারের ব্যক্তিদের নিযুক্ত করিয়া চলিয়াছেন। সম্প্রতি পুরসভার দুটি ফেরীঘাটের নিলাম ডাক বন্ধ রাখিয়া পুরাতন ইজারাদারকে গত বৎসরের ডাকেই ঘাটের অধিকার ছাড়িয়া দিয়া নজিরবিহীন নিদর্শন দেখাইয়াছেন।

পুরপতির বক্তব্য—ঘাট ডাকের কাজ বড়ই ঝঞ্ঝাটপূর্ণ। তাঁহার বর্তমান শারীরিক অবস্থায় ওই ঝামেলা সহ্য করিবার শক্তি না থাকায় তিনি সহজতম পন্থাটিই গ্রহণ করিয়াছেন। ফেরীঘাট দুইটি জনসাধারণের হইতে পারে কিন্তু কর্ণধারগণ যখন স্ব আয়ত্ত শাসনে অধিষ্ঠিত তখন স্ব ইচ্ছা অনুযায়ী কার্য্য করিবার অধিকারে বাধা দিবে কে? পুরসভার সীমানায় জেলা পরিষদের গুজিরপুর ফেরীঘাটটি এই বৎসর ৩৬০০০ টাকা স্থলে ৭২১০০ টাকা ডাকে নীলাম হইয়াছে। সেই ক্ষেত্রে পুরসভার ঘাট দুইটি সাড়ে পাঁচ লক্ষ স্থলে কমপক্ষে আট লক্ষ টাকা নীলাম হইত বলিয়া পুর নাগরিকদের ধারণা। কিন্তু স্বায়ত্ত শাসনের আইনের রক্ষাকবচের আড়ালে পুরকর্তাগণ অজুহাত সৃষ্টি করিয়া জনগণের কয়েক লক্ষ টাকা নষ্ট করিলেন। বলিবার কিছুই নাই কেননা জনগণ তাঁহাদের নির্বাচিত করিয়া স্ব আয়ত্ত শাসনের গদিতে বসাইয়াছেন।

## শিক্ষক ও সমাজ

সাধন দাস

"যার নেই কোনো গতি, সে করে পণ্ডিতি", —শিক্ষকদের আর্থিক দুরবস্থাকে ব্যঙ্গ করে একসময় এই প্রবাদটি গ্রামাঞ্চলে শোনা যেত। যুগকাল পাল্টেছে, ফি-বছর ক্রমান্বয়ে সংশোধিত বেতনক্রম ফিরিয়ে দিয়েছে শিক্ষকদের সামাজিক কৌলিন্য। ছেঁড়া ধুতি আর ভাঙা ছাতার সেই ট্র্যাডিশনাল চিত্রটি ক্রমশঃ অবলুপ্ত। পাত্র স্কুল বা কলেজের শিক্ষক শুনলে পাত্রী ভুল করে একবার নাক সিটকান বটে, কিন্তু পরক্ষণেই রাজি হয়ে যান, হয়তো বা পে স্কেলের কথা ভেবেই। কাজেই পুরনো প্রবাদটা এখন অচল। সেই সঙ্গে অচল শিক্ষা ও শিক্ষকের সঙ্গে সংশ্লিষ্ট কিছু পুরনো ধ্যানধারণা ও মূল্যবোধও। তপোবনের স্নিগ্ধ ছায়ায় একজন গুরুর কাছে বারো বছর ধরে একটানা ব্রহ্মচর্য পালনের সেই মানসিক ধৈর্য্য আজ কোথায়? কোথায় একলব্যের মতো সকৃতজ্ঞ শিষ্য, যে নিজের হাতের বুড়ো আঙুল কেটে গুরুকে দক্ষিণা দিতে পারে। যুগকাল পাল্টেছে, এখন আর একজনও 'আরুণি' নেই, যে নিজের শরীর দিয়ে বেঁধে দেবে গুরুর জমির আল!! আশ্রমিক ধ্যানধারণা থেকে সময় অনেকদূরে সরে এসেছে এখন। মাসের শেষে গুরু এখন নিজহাতে গুণে নেন কড়ায়-গণ্ডায়। ব্যাঙ্কের টাটকা ছাপানো কড়কড়ে নোট, পূজোর আগে বোনাসের জন্য ধর্মঘটে নামতে তাদের আপত্তি নেই—যদিও পূজোর পর শিষ্যবৃন্দের বার্ষিক পরীক্ষা, ফল প্রকাশের আগেই গুরুর কবজি গলে পরীক্ষার খাতা চলে যায় মুদির দোকানে। কেননা শিষ্যদের দক্ষিণার ধার ধারতে হয় না গুরুকে। সাংখ্য যোগের শংখমালায় এ তো বারো বছর ধরে তিল তিল করে গড়ে তোলা নয়, বেদ বেদান্তের অন্তহীন সাধনা দিয়ে শিষ্যকে পরিপূর্ণ মানুষ করে তোলার আয়াস নেই কোথাও. আজ অফ-ডে তো কাল হাফ-ডে, পরশু রেনি-ডে তো পরের দিন কার বার্থ-ডে—নিত্য নূতন লেগেই আছে। তাই ছাত্র ও শিক্ষকে আজ অনেক দূরত্ব। চল্লিশ মিনিটের একটা পিরিয়ডে ঘর ভর্তি ছাত্রছাত্রীর ক'জনকেই বা মনে রাখা সম্ভব, আর মনে রেখেই বা লাভ কি!!! তাই ক্লাসের বাইরে শিক্ষকরা রাম, শ্যাম, যদু, মধুর চেয়ে কিছুমাত্র বেশি নন, তাদের সামনে মৌজ করে ধূমপান করতেই বা দোষ কি। ছাত্রদের এই বেপরোয়া উদ্ধত মনোভাবের জন্য দায়ী আমাদের ক্রমবর্দ্ধমান জটিল সামাজিক অবস্থা। শিক্ষান্তে অনিশ্চিত ভবিষ্যতের কালো ছায়া ছাত্র জীবনের মেরুদণ্ডকে দিচ্ছে ভেঙে. দুপাশ থেকে হাতছানি দিচ্ছে বিকৃতরুচির অশ্লীল সিনেমা ও সাহিত্য, হেরোইন, গাঁজা, ভাঙ, মোড়ে মোড়ে দলা পাকিয়ে পুষ্ট হচ্ছে 'মকবাজ'রা। 'তবু ওরাই আশার খনি/সবার আগে ওদের গণি/পদ্মকোষের বজ্রমণি, ওরাই ধ্রুব সুমঙ্গল/আলাদীনের মায়ার প্রদীপ, ওই আমাদের ছেলের দল।' এদের জন্য কারা এগিয়ে আসবেন আজ? একটা উত্তরই প্রতিধ্বনিত হয়—'শিক্ষক'। যুগ কাল যতই বদলে যাক, আশ্রম থেকে স্কুলে যতই বিবর্তিত হোক শিক্ষার ধারা, জ্ঞানের আলোকবর্তিকা নিয়ে পথের প্রান্তে পথভোলা ছেলেমেয়েদের জন্য অপেক্ষা করে থাকে শিক্ষক, নতুন জীবনের সন্ধান দেবে বলে। তাঁরা যে মানুষ গড়ার কারিগর, জীবনের শিল্পী!!

## রাস্তা মেরামতি কাজ ঠিকমত হচ্ছে না

জঙ্গিপুর: স্থানীয় বাসষ্ট্যাণ্ড থেকে সম্মতিনগর পর্যন্ত পথটি কয়েক লক্ষ টাকা ব্যয়ে মেরামত ও সম্প্রসারণ করা হলেও এক বছরের মধ্যেই বেহাল হয়ে পড়ে। সম্প্রতি স্থানীয় পি ডাব্লু ডি থেকে পুনরায় সংস্কারের কাজ আরম্ভ হলে কংগ্রেসের আবদুর রউপ ঠিকাদার কাজে ফাঁকি দিচ্ছেন বলে কাজে বাধা দেন। কাজ একদিন বন্ধ থাকে। পরে পুনরায় কাজ শুরু হলে আবদুর রউপের কথামত কিছুটা রাস্তার কাজ ভাল করে করা হয়। কিন্তু স্থানীয় গ্রামবাসীদের অভিযোগ, রউপকে সন্তুষ্ট করতে কিছুটা অংশে ভালভাবে কাজ হলেও বাকী অংশের কাজ দায়সারা করে করা হচ্ছে। প্রধান গুরুত্বপূর্ণ এই সড়কটির কাজে পূর্তদপ্তরের এই গাফিলতিতে জনসাধারণ ও বাস মালিকেরা রীতিমত ক্ষুব্ধ।

## ফ্রন্টের দুই শরিকী দলে সংঘর্ষ

ধুলিয়ান : গত ১৮ মার্চ তিন-পাকুরিয়া অঞ্চলের ঘনশ্যামপুরে সামান্য জায়গা দখল নিয়ে গ্রাম্য কলহে জড়িয়ে পড়ে ফরওয়ার্ড ব্লক ও সি পি এম সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাধে। খবর, দীর্ঘ দশ বছর ধরে গ্রামের মোজাম্মেল ও সাদেমান সেখের মধ্যে দু'আড়াই হাত জায়গা নিয়ে গোলমাল চলছে ও আদালতে মামলাও দায়ের হয়েছে। ঘটনার দিন হঠাৎ দু'দলের সমর্থকদের মধ্যে উত্তেজনা চরমে উঠে ও সংঘর্ষে ফরওয়ার্ড ব্লকের সাতজন কর্মী গুরুতর জখম হয়। তাদের সংকটজনক অবস্থাতে জঙ্গিপুর হাসপাতালে পাঠানো হয় বলে গ্রামবাসীরা জানান। ঐ সংঘর্ষে সি পি এমেরও দু'জন সামান্য জখম হয়। সামসেরগঞ্জ থানা সি পি এমের মোজাম্মেলকে গ্রেপ্তার করে জঙ্গিপুর কোর্টে চালান দেয়। উভয় দলই উভয়ের বিরুদ্ধে সামসেরগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছেন। গ্রামে এখনও থমথমে অবস্থা চলছে। পুলিশও সজাগ রয়েছে বলে খবর পাওয়া যায়।

## বিড়ি শ্রমিক ইউনিয়নের থানা সম্মেলন

ধুলিয়ান : গত ১২ মার্চ ভাসাই পাইকর হাই স্কুলে টি ইউ সি সি পরিচালিত বিড়ি শ্রমিক সংস্থার সমসেরগঞ্জ থানা সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রায় দু'শ প্রতিনিধি অংশ গ্রহণ করেন। বিকেলে প্রকাশ্য সভায় প্রায় দু'হাজার বিড়ি শ্রমিক ও সাধারণ মানুষ জমায়েত হন। সভাপতিত্ব করেন ইউনিয়নের সভাপতি হোসেন আলি। বক্তব্য রাখেন রৌশান আলি, সুজিৎ মুন্সী, সম্পাদক ইউসুফ হোসেন প্রমুখ নেতৃবৃন্দ।

## খুশি মতো অফিসে গরহাজির

জঙ্গিপুর : সরকারীভাবে দরখাস্ত না করে প্রায় দু'মাস থেকে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের কো-অপারেটিভ ইন্সপেক্টর অফিসে গরহাজির। সহকর্মীদের অভিযোগ, বর্তমান নতুন ইন্সপেক্টরও এই ব্লকে যোগদান করে মাইনে নেওয়ার দিন ছাড়া অফিসে আসেন না। বিস্ময়ের কথা স্বয়ং বি ডি ও, সভাপতি থেকে পিওন পর্যন্ত সবাই জেনেও হাত গুটিয়ে বসে আছেন।


NTPC

नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742236

## Materials Management Department
## Tender for Sale of Steel Scrap

Sealed Tenders are invited from reputed parties for sale of following Steel Scrap from NTPC, Farakka Project on 'AS IS WHERE IS BASIS'.

| Lot No. & Description | Approximate Qty. |
|---|---|
| Tender No. FS : 42 : MD : SSID : 017-A, Dated 20-03-89. | |
| LOT—1 | |
| Reinforcement steel bars scrap | 100 MT |
| LOT—2 | |
| Structural steel scrap | 60 MT |
| LOT—3 | |
| Clad metal plate offcuts | 45 MT |
| LOT—4 | |
| Mixed Iron scrap | 500 MT |
| LOT—5 | |
| Melting Iron scrap | 106 MT |
| LOT—6 | |
| Plate scrap offcuts | 45 MT |

### Terms And Conditions :

1) Tender documents can be obtained from 10-4-89 onwards from Office of Senior Engineer (Stores) on payment of Rs. 50/- by Demand Draft, payable at SBI, Farakka Barrage (Code No. 0218), SBI Andua (Code No. 7099), UBI, Khejuriaghat, Malda (Code No. C-69) in favour of NTPC or by cash at our cash counter. No. other form of payment will be accepted.

2) Tenderers will have to deposit EMD as indicated in the tender documents.

3) The offer will remain valid for 45 days from the date of tender opening.

4) Materials can be inspected on any working day from 10-04-89.

5) Tenders will be opened on 26-4-89 (WED) at 2-30 P.M. in the presence of those who wish to be present.

6) Offers should be submitted in two separate envelopes. One containing EMD only and the other envelope containing price/commercial details. First EMD envelope will be opened and then only the second price bid envelope of those, who have given EMD of correct amount in acceptable fashion will be opened.

7) Offers received after tender opening date/time will not be considered.

8) The above details are only Indicative. Full details are given in our tender documents.

9) NTPC is not responsible for any postal/communication delays.

10) NTPC reserves the right for sale of tender documents, acceptance, or rejection of any tender without assigning any reason whatsoever.

**Chief Materials Manager**

## কংগ্রেস সেবাদলের বিক্ষোভ

রঘুনাথগঞ্জ : স্থানীয় ১ ও ২নং ব্লক কংগ্রেস সেবাদলের ডাকে গত ২০ মার্চ কয়েক শো কংগ্রেস কর্মী মিছিল করে থানা ঘেরাও করেন। উক্ত সমাবেশে বিধায়ক হাবিবুর রহমান স্থানীয় প্রশাসনের বিশেষ করে থানার কর্তা ব্যক্তিদের নানা দুর্নীতির কথা তুলে ধরেন এবং অভিযোগ করেন যে ও সি শাসন ক্ষমতায় অধিষ্ঠিত দলের হাতের ক্রীড়নক হিসাবে কাজ করছেন। এ অবস্থার পরিবর্তন না হলে সেবাদল বৃহত্তম আন্দোলনে নামতে বাধ্য হবেন বলেও তিনি জানান। জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক মোঃ সোহরাব ও ছাত্র পরিষদের জেলা সম্পাদক মহঃ আখরুজ্জমান জঙ্গিপুর কলেজের সাম্প্রতিক ছাত্র প্রতিনিধি নির্বাচনে প্রশাসনকে দলীয় স্বার্থে ব্যবহার করা হয়েছে বলে অভিযোগ করেন।

## প্রতি গৃহে নম্বর বসছে

(১ম পাতার পর)

জন করে কর্মী নিয়োগ করা হয়েছে। নম্বর প্লেটের মূল্য বাবদ দু'টাকা করে নেওয়া হচ্ছে। ৭৭ এ গদিয়ান বামফ্রন্ট সরকার ৭৮ এ যে ত্রিস্তর পঞ্চায়েত গঠন করেন তাতে স্বাধীনতা উত্তর কালের পঞ্চায়েতগুলির মর্যাদা ফিরে পাওয়া শুরু হয়, এক কথায় গ্রামের চাবিকাঠি হিসেবে ঘোষণা করা হয়। কিন্তু আজ পঞ্চায়েতের সর্ব্ব স্তরে দুর্নীতি। পঞ্চায়েতগুলির মাধ্যমে উপকার হয়েছে গ্রামের মুষ্টিমেয় কিছু দুর্নীতি পরায়ণ অভিমানবদের। গ্রামের কথা কেউ ভাবে না। সবাই আপন আপন ধান্ধায় ব্যস্ত। সংসেরগঞ্জ থানা এক ফসলী এলাকা। এখানে সেচের ব্যবস্থা নেই। শ্যালো মাথা কুটে মরে তবু জলের তল পাওয়া যায় না। এলাকায় ৬০ ভাগ মানুষই ক্ষেত মজুর। কোন ব্যবসা নেই, শিল্প নেই। বন্ধ্যা প্রায় জমি এবং অর্থনীতি। গ্রামে লোক সংখ্যা বাড়ছে, বাড়ছে চাহিদা। একান্ত অপরিহার্য কাজগুলি বাস্তবায়িত না হওয়ায় জনগণ গ্রাম পঞ্চায়েতগুলির প্রতি এমনিতেই আস্থা হারিয়েছেন। এই অবস্থায় পঞ্চায়েতগুলিকে বাদ দিয়ে বেসরকারী সংস্থাকে দিয়ে বাড়ীতে নম্বর বসানোর অজুহাতে অর্থ আদায় জনসাধারণ ভাল চোখে দেখছেন না।

## অষ্ট ধাতুর বিগ্রহ চুরি

আহিরণ : গত ১ এপ্রিল রাতে সুতী থানার আমুহা গ্রামে প্রাচীন রাধামাধব মন্দিরের তালা ভেঙ্গে অষ্টধাতুর বিগ্রহ চুরি হয়। পুলিশী তদন্ত শুরু হয়েছে। সংবাদ লেখা পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি বা মূর্ত্তির কোন সন্ধান মেলেনি।

## বিক্ষোভ সমাবেশ

(১ম পাতার পর)

হবে। গণ অধিকার রক্ষা কমিটির আহ্বায়ক কমঃ আবদুস সইদ জানান, তারাপুর কোম্পানীতে কর্মী নিয়োগের ব্যাপারে গত ২৬-৪-৮৮ জঙ্গিপুর মহকুমা শাসকের অফিসে এক সিদ্ধান্ত গৃহীত হয় এবং তাতে স্থির হয়—কোম্পানীর পুরাতন ছাঁটাই শ্রমিক, এ্যাসপণ্ডে যাদের জমি গিয়েছে তারাসহ স্থানীয় লোকেরা নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। কিন্তু গত এক বছরেও সেই সিদ্ধান্তকে কোম্পানী কার্যকর করেনি। বরঞ্চ সেই সিদ্ধান্তকে লঙ্ঘন করে কোম্পানী স্থানীয় দুই বিধায়কের লোকজন ও আত্মীয় স্বজনকে নিয়োগ করে চলেছেন। অন্যদিকে উক্ত তারিখের সিদ্ধান্তের মাধ্যম ও অন্যতম শরীক ছিলেন সরকারী প্রশাসন। কিন্তু বর্তমানে সরকারী প্রশাসনের ভূমিকা আমাদের হতাশ করেছে। গঙ্গা ভাঙনের ফলশ্রুতি কারও অজানা নয়। অনেক লড়াই সংগ্রামের পর বাগমারী থেকে ধুলিয়ান পৌর সভার ১৪নং ওয়ার্ড পর্যন্ত বাঁধ নির্মাণে প্রায় এক কোটি টাকা মঞ্জুর হয়েছে। আশঙ্কা প্রশাসনের গাফিলতিতে ও বৃহৎ রাজনৈতিক দলের চাপে কাজ কতদূর এগুবে এ নিয়ে স্থানীয় মানুষ দর মনে নানা সংশয় দেখা দিয়েছে। সংবাদে আরোও প্রকাশ, যদি দাবীগুলি পূরণের কোন ব্যবস্থা না হয় তবে ১৮ এপ্রিল থেকে লাগাতার রাস্তা অবরোধের আন্দোলন শুরু করা হবে।

## কর্মীদের ভবিষ্যৎ কি

(১ম পাতার পর)

এ্যাসোশিয়েশন এবং অনুপ মৈত্রের ষ্টাফ এ্যাসোশিয়েশন। এদের কারোর মধ্যে ঐক্যমত্য আছে এমন জানা যায় না। কেউই চেষ্টা করছেন না, একত্র হয়ে কর্মীদের ভবিষ্যত নিয়ে কোন ঐক্যবদ্ধ আন্দোলন করবেন। যার ফলে ব্যারেজে একটা ডামাডোলের রাজনীতি চলছে। শ্রমিকদের ভবিষ্যৎ যে কি হবে তা কেউ বুঝতে পারছেন না।


## পথ অবরোধ

(১ম পাতার পর)

চলাচল বন্ধ করে দেয়। খবরে প্রকাশ, জঙ্গিপুর পুর সভার ২নং ওয়ার্ড ছোটকালিয়াইও রাস্তা অবরোধ করা হয়। অবশ্য সর্বত্রই পুলিশী তৎপরতায় অবরোধ ভেঙ্গে দিয়ে যানবাহন চলাচলের জন্য পথ মুক্ত করা হয়। তবুও প্রায় ঘণ্টা খানেক এই অবরোধ চালু ছিল।

ফ্রি সেলে নন লেভি এ সি সি
সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর
আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬

কিনুন
আপনার সব সময়ের সব চাইতে পছন্দের



অলউইন
ঘড়ি
সিকো
লাইসেন্সে প্রস্তুত
দম দেওয়া ● স্বয়ংক্রিয় ● কোয়ার্টজ্
ক্লিয়া 3499 A

অনুমোদত ষ্টকিষ্ট :
সাহা ওয়াচ
কোম্পানী
ফুলতলা মোড়
রঘুনাথগঞ্জ : মুর্শিদাবাদ

VIMAL এলো নব-বর্ষে
শহর রাঙিয়ে
আগামী ১লা বৈশাখ ১৩৯৬ ( ইং ১৪ এপ্রিল '৮৯ ) এর শুভ লগ্নে 'মহাবীর বস্ত্রালয়ে' VIMAL এর অনুমোদিত ডিলারশিপের শুভ উদ্বোধন। ঐ দিন বিক্রীত VIMAL শার্টিং স্যুটিং এ ২% রিবেট ও বিশেষ উপহার দেওয়া হবে।
আসুন দেখুন কিনুন
সুযোগ হারাবেন না
মহাবীর বস্ত্রালয়
VIMAL এর অনুমোদিত ডিলার
রঘুনাথগঞ্জ ( ফুলতলা ) মুর্শিদাবাদ
ফোন নং ১০৭

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অরুণ পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত